

শিক্ষা ইতিহাস

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

## রাজনীতি ও ধূমপানমুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো আশার আলো জাগাচ্ছে

.....শিক্ষামন্ত্রী  
ইন্ডেক্স রিপোর্ট II শিক্ষামন্ত্রী ডঃ এম  
ওসমান ফারুক বলেছেন, দেশের শিক্ষা  
প্রতিষ্ঠানগুলোর একটি বড় অংশ যখন  
ছাত্ররাজনীতি ও মাদকাশক্তিতে অবক্ষয়ের  
পথে তখন কিছু কিছু প্রতিষ্ঠান রাজনীতি ও  
ধূমপানমুক্ত শিক্ষার পরিবেশ সৃষ্টি করে আশার  
আলো জাগাচ্ছে। শিক্ষার সৃষ্টি পরিবেশ  
সৃষ্টিতে এই শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে গ্রোথ  
সেন্টার হিসেবে চিহ্নিত করে তাদের জন্য  
সরকারী পৃষ্ঠপোষকতা বাড়াতে হবে। গত  
রোববার রাজধানীর মিরপুরে ঢাকা কমার্স  
(১৪শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### শিক্ষামন্ত্রী

(৩য় পৃঃ পর)

কলেজের বার্ষিক পুরস্কার ও স্বর্ণপদক বিতরণ  
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী একথা  
বলেন, শিক্ষামন্ত্রী বলেন, ধূমপান মাদকাশক্তির  
সূচনা করে। ধূমপানমুক্ত পরিবেশে জ্ঞান অর্জন করে  
কমার্স কলেজের ছাত্ররা আগামীতে দেশে মাদক  
বিরোধী আন্দোলন গড়ে তুলতে পারবে। পুরস্কার  
বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন  
শিক্ষা উপমন্ত্রী মোঃ আব্দুস সালাম পিটু, স্থানীয়  
সংসদ সদস্য এস এ. খালেক, কলেজের অধ্যক্ষ  
অধ্যাপক কাজী ফারুকী প্রমুখ। সভাপতিত্ব করেন  
কলেজ পরিচালনা পরিষদের সভাপতি ডঃ সফিক  
আহমেদ সিদ্দিক। ২০০১ সালের এইচ এস সি  
পরীক্ষায় বিশেষ কৃতিত্বের জন্যে মোহাম্মদ মুফনুবি,  
ফারহানা ছসেইন, মোঃ ইফতেখার হোসাইন,  
শারমিন আখতার, ফাতেমা কাশেম, কাউজিয়া  
রহমান এবং ১৯৯৯ সালের জাতীয় বিশ্ববিদ্যালয়ের  
অধীনে বি. কম (সম্মান) পরীক্ষায় বিশেষ কৃতিত্বের  
জন্যে মোঃ তাশফিন খান, মোঃ রাশেদ আব্দুল্লাহ,  
ফারহানা সুলতানা খুশী, মিশকাত আশফিয়া  
ইতবাল স্বর্ণপদকে ভূষিত হন।